উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৪৮ তারিখঃ ১৯ নভেম্বর '২০২৫খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর'-২০২৫ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৩ নভেম্বর '২০২৫ খ্রিঃ তারিখ রবিবার বেলা ৩.৩০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা ।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা ।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) ।
৭. বিবিধ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
২। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। প্রশাসক/চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া,যশোর।

স্মারক নং ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৪৮ তারিখ -১৯ নভেম্বর ২০২৫

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
১	প্রশাসক, বাঘারপাড়া, পৌরসভা	
২	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৩	চেয়ারম্যান , বন্দবিলা ইউপি	
৪	প্রশাসক, রায়পুর ইউপি	
৫	চেয়ারম্যান ,নারিকেলবাড়ীয়া ইউপি	
৬	চেয়ারম্যান ,ধলগ্রাম ইউপি	
৭	চেয়ারম্যান,দোহাকুলা ইউপি	
৮	চেয়ারম্যান ,দরাজহাট ইউপি	
৯	চেয়ারম্যান ,বাসুয়াড়ী ইউপি	
১০	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক নম্বর :- ৪৬.০৩,৪১০৯.০০০.২০.০০১.২৪-৪৮ তাং ২৬/১১/২০২৫

ক্রমিক নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	[signature]
২.	উপজেলা কৃষি কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
৩.	উপজেলা প্রকৌশলী	[signature]
৪.	উপজেলা মৎস্য কর্মকর্তা	[signature]
৫.	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	Khalid
৬.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
৭.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
৮.	উপজেলা সমবায় কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
৯.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
১০.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
১১.	উপজেলা প: প: কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
১২.	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
১৩.	উপজেলা শিক্ষা কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
১৪.	প্রোগ্রামার, আইসিটি অফিস	
১৫.	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	[signature] ২৬/১১/২৫
১৬.	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	[signature] ২৬/১১/২৫

উপজেলা পরিষদের নভেম্বর/২০২৫ মাসের মাসিক
সাধারন সভার উপস্থিতি

সভাপতি :- জনাব রুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান :- উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ/সময় :- ২৩/১১/২০২৫ খ্রি: বেলা - ৩.৩০ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর :-

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা → [signature] 23.11.25

২। চেয়ারম্যান জহুরপুর ইউপি → [signature] 23.11.25

৩। " বন্দবিলা " → [signature] ২৩/১১/২৫

৪। প্রশাসক রায়পুর " →

৫। চেয়ারম্যান নারিকেলবাড়ীয়া " → [signature] ২৩/১১/২৫

৬। " ধলগ্রাম " → [signature] ২৩/১১/২০২৫

৭। " দোহাকুলা " → [signature] ২৩/১১/২৫

৮ " দরাজহাট " → [signature] ২৩/১১/২৫

৯। " বাসুয়াড়ী " → [signature] ২৩/১১/২৫

১০। " জামদিয়া " → [signature] ২৩/১১/২০২৫

অদ্যের উপস্থিত বিভাগীয় প্রধানদের স্বাক্ষর (উপস্থিতি ক্রমানুসারে)

১। মোঃ মুস্তাফিজুর রহমান - সহকারী সমাজসেবা অফিসার, বাঘারপাড়া - [স্বাক্ষর] ২৩/১১/২৫

২। Dr. Arup Jyoti Ghosh, UH&FPO, UHC, Bagarpara, Jashore [স্বাক্ষর]

৩। মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া [স্বাক্ষর] ২৩/১১/২৫

০৪। মোঃ গোলাম মোস্তফা, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - [স্বাক্ষর] ২৩/১১/২৫

০৫। মোঃ রাকিব হাসান, সহকারী প্রাণিসম্পদ অফিসার [স্বাক্ষর] ২৩/১১/২৫

০৬। ইশতিয়াক আহমেদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, [স্বাক্ষর] ২৩/১১/২৫

০৭। মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা [স্বাক্ষর]

০৮। সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি অফিসার [স্বাক্ষর]

০৯। সালমা খাতুন - উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - [স্বাক্ষর] ২৩/১১/২৫

১০। শেখ মুস্তাফিজুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার - [স্বাক্ষর]

১১। মোঃ তৌহিদুর রহমান, উপজেলা সমবায় অফিসার [স্বাক্ষর]

১২। অঙ্কুরা সরকার, উঃ সঃ প্রঃ, ডঃ মাঃ অ, বাঘারপাড়া - [স্বাক্ষর]

১৩। রোজিনা পারভীন সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রতিনিধি) বাঘারপাড়া - [স্বাক্ষর]

১৪। মোছাঃ মোমিনা খাতুন উপসহকারী কৃষি ... অফিসার বাঘারপাড়া [স্বাক্ষর]

১৫। মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, ইউজিডিপি Mottaleb

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৩ নভেম্বর ২০২৫খ্রিঃ, রবিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব ডাঃ শামছুল আরফিন, প্রশাসক, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব ডা: অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৩) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ গোলাম কুদ্দুস, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোঃ রাজিব জামান, সহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব শেখ মুশফিকুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব মোঃ তোহিদুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব রোজিনা পারভীন, সহকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব সোনিয়া খাতুন, উপসহকারী প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ডাঃ মোঃ আবু বকর সিদ্দিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কোনরুপ কার্যবিবরণী পাওয়া যায়নি।	বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল)।
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-		
	(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহিত প্রকল্প সংক্রান্তঃ ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে পিআইসির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ বাস্তবায়ন এবং বিল প্রদান সম্পন্ন হয়েছে। এছাড়া টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ প্রাক্কলণ প্রস্তুতের কাজ প্রায় শেষের দিকে পিপিআর ২০২৫ অনুযায়ী ই-জিপি সার্ভারের আপগ্রেডেশন কাজ শেষ হয়ে সার্ভার চালু হলে টেন্ডার আহবান করা হবে।	(খ) দ্রুততার সহিত বিধি বিধান মেনে টেন্ডার কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	খ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী ৩। সংশ্লিষ্ট সকল
০৫.	**আর্থিকঃ** (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) অক্টোবর-২০২৫ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার
	(খ) উপজেলা রাজস্ব তহবিলের আসবাপত্র সংগ্রহ/মেরামত খাত থেকে আসবাপত্র ক্রয়ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও মিলনায়তনের জন্য ০৩টি অফিসিয়াল চেয়ার, ০১টি টেবিল ও ১৫টি ভিজিটর চেয়ার ক্রয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা রাজস্ব তহবিলের আসবাপত্র সংগ্রহ ও মেরামত খাত হতে =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা মধ্যে সীমাবদ্ধ রেখে বর্ণিত ক্রয়কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। তৎপ্রেক্ষিতে একটি প্রকল্প ও নিম্নরুপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। **প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি :** ১। মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি – সভাপতি ২। মোঃ আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দোহাকুলা ইউপি- সদস্য ৩। জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি- সদস্য ৪। জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউপি- সদস্য ৫। উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য সচিব	(খ) বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের আসবাপত্র সংগ্রহ ও মেরামত খাত হতে =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটিকে প্রকল্পের কাজ সম্পন্ন করে প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর বিল দাখিল করার জন্য আহবান জানানো হয়।	(খ) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ২। গঠিত কমিটি

	(গ) উপজেলা রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত থেকে সিসি ক্যামেরা স্থাপন ও মেরামতঃ গত ৫ই আগষ্টে প্রায় সকল ক্লোজ সার্কিট ক্যামেরা ক্ষতিগ্রস্থ হয়েছে, যার মধ্যে থেকে তিনটি ক্যামেরা মেরামত করা হলেও বর্তমানে সচল নাই । এছাড়া প্রশাসক, উপজেলা পরিষদের বাসভবনের সিসি ক্যামেরা বর্জপাতে পুড়ে গিয়েছে । যার ফলে উপজেলা পরিষদ এলাকার নিরাপত্তা ব্যবস্থা দূর্বল হয়ে পড়েছে । আসন্ন জাতীয় সংসদ নির্বাচনসহ বিভিন্ন কারনে উপজেলা পরিষদের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে দ্রুততার সহিত উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন, প্রশাসক, উপজেলা পরিষদের বাসভবনসহ পরিষদ চত্বরে সিসি ক্যামেরা স্থাপন ও মেরামত করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা মধ্যে সীমাবদ্ধ রেখে বর্ণিত ক্রয়কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয় । তৎপ্রেক্ষিতে একটি প্রকল্প ও নিম্নরুপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয় । **প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি :** ১। মোঃ আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দোহাকুলা ইউপি –সভাপতি ২। মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি - সদস্য ৩। জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি- সদস্য ৪। উপজেলা আইসিটি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর - সদস্য ৫। উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য সচিব	(গ) বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় । প্রকল্প বাস্তবায়ন কমিটিকে প্রকল্পের কাজ সম্পন্ন করে প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর বিল দাখিল করার জন্য আহবান জানানো হয় ।	(গ) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ২। গঠিত কমিটি
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** **(ক) সভার কার্যপত্র প্রদানঃ** উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ৪(২) বিধি মোতাবেক **"কার্যপত্র ব্যতিরেকে কোন বিষয় আলোচনার জন্য গ্রহণ করা হইবে না"** উল্লেখ রয়েছে মর্মে সভায় উপস্থাপনপূর্বক প্রতি মাসের মাসিক সাধারণ সভার ৪৮ ঘন্টা পূর্বেই কার্যপত্র সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হয় ।	(ক) ৪৮ ঘন্টা পূর্বেই কার্যপত্র সরবরাহ করার সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক) সংশ্লিষ্ট সকল
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমুহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	(ক) উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । (খ) তিনি আরো জানান যে, দেশব্যাপি গ্রামীন সড়কে গুরুত্বপূর্ণ ব্রীজ নির্মাণ প্রকল্পের আওতায় ডিপিপিভূক্ত করণের লক্ষ্যে অত্র উপজেলাধীন বিভিন্ন ইউপি ও অন্যান্য তালিকা থেকে যাচাই-বাছাইপূর্বক ১২টি ব্রীজের তালিকা প্রস্তুত করা হয়েছে, যা "পরিশিষ্ট-খ" আকারে সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত পরিশিষ্ঠ-খ অনুমোদন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় ।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । (খ) ১২টি ব্রীজের তালিকা পরিশিষ্ঠ-খ আকারে অনুমোদন করা হয়	(ক) ও (খ) উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এর বহিঃ বিভাগ থেকে ৯০৪০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৮৮৯ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৮৫৮জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৪ জন, ১০ জন সিজারিয়ান করা হয়। ১০৯ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ১৫৬৯জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৪৯০ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১২২৬ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

	এছাড়া তিনি আরো জানান যে, রাতে হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা খুবই নাজুক হয়ে পড়ে, সেহেতু পুলিশের রাতের টহল দল যদি এক/দুইবার হাসপাতালের ভিতরে টহল দিয়ে আসে তাহলে অনেকাংশে নিরাপত্তাহীনতা দূর করা সম্ভব হয়।	পরবর্তী আইন-শৃঙ্খলা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধানের বীজতলায় বীজ বপন শুরু হয়েছে। সরিষা-২৮৩০ হেক্টর, শীতকালীন সবজি- ৫৪৩ হেক্টর, মসুর-১০৬ হেক্টর, আখ-৮৩ হেক্টর আবাদ হয়েছে। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন সহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-৩৮৬ মেঃটন, টিএসপি-৫৬ মেঃ টন, ডিএপি-৩১০ মেঃ টন এবং এমওপি-২১১ মেঃ টন মজুদ রয়েছে। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সারের বাজার মনিটরিং করছেন। সারের উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। সারের কোথাও কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে মাঠ পর্যায়ে কার্যক্রম বৃদ্ধি করার নির্দেশনা প্রদানের জন্য বলা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা সহকারি মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৫২০.৬৬ মে.টন, খ. ডিম-৫৫লক্ষ, গ. মাংস-৭৪০.৪০ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৮৩টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-৪৭৪৫মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৮০০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০২টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৩৮৭ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-৯৩৫৭টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ০৬ টি, ঘ. ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-০০জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৪ টি, ৫. খামার পরিদর্শন- ১২টি, ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ২.০০একর, ৭.মাসিক বার্তাঃ অ্যানথ্রাক্স/তড়কা রোগে ভীতি নয়, প্রয়োজন সচেতনতা ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ২৪০০০/-, খ. কৃত্রিম প্রজনন- ৭৫১০০/-।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে ১ম কিস্তি সকল ভাতার পেরোল ৯৯.৩০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। অনলাইনে প্রতিবন্ধী,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি,অনগ্রসর ও অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ভাতার আবেদন চলমান। পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-৬২০৮৩০/-(ছয় লক্ষ বিশ হাজার আটশত ত্রিশ টাকা)মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যায় যে, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরো জানান ২০২৬ শিক্ষা বর্ষের প্রাক-প্রাথমিক এবং ৪র্থ ও ৫ম শ্রেণির বিনামূল্যে পাঠ্যবই পাওয়া গেছে। ৩য় ও ৫ম শ্রেণির শিখন অগ্রগতি যাচাই চলমান আছে। আগামী ১ ডিসেম্বর হতে তৃতীয় প্রান্তিক পরীক্ষা শুরু হবে, সেক্ষেত্রে অত্র উপজেলার অভিন্ন প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। আগামী ২১ ডিসেম্বর হতে ২৪ ডিসেম্বর প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠিত হবে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। বোর্ড থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	পরবর্তী সভার পূর্বেই কার্যপত্র প্রদানের অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া

ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতিরি ২৩০০ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ৩৪৫ জন সদস্যর মধ্যে ২১৭.২৫.০০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৮৮.৮৫ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ৯০ জন সদস্যকে ২৪.০৪ লক্ষ টাকা ৮% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের কার্যপত্র থেকে জানা যে, প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে অক্টোবর-২৫ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে। সার্বিক আদায় হার ৯২%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০টি ও ১২ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। খন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। নভেম্বর/২০২৫ মাসের খাদ্য বরাদ্দের অর্পণাদেশ (ডি/ও) প্রদান করা হয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান আছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত জানান যে, টি,আর ও কাবিখা চলমান আছে। এছাড়া শুকনা খাবার ও কম্বলের উপবরাদ্দ পাওয়া গেছে, খুব শীঘ্রই বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	বরাদ্দের বিপরীতে বিধি মোতাবেক দ্রুততার সহিত কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ২৩৪ টি নলকূপের মধ্যে ১৪০ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও ৯০ টি সাবমার্সিবল পাম্প বসানো হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮ টি নলকূপের মধ্যে ৮০ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও সাবমার্সিবল পাম্প বসানোর কাজ সমাপ্ত। খুব শীঘ্রই বাকি কাজ সম্পন্ন হবে। পিইডিপি-৪ ও জিপিএস প্রকল্পের আওতায় ৩৭ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মান কাজ সমাপ্ত হয়েছে এবং হস্তান্তর করা হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পের আর কোন কাজ চলমান নেই। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর

০৯.বিবিধঃ	(ক) চেয়ারম্যান, দোহাকুলা ইউপি বলেন বহরমপুর হতে বাউলিয়া গামী পাকা রাস্তাকরণ কাজ সঠিকভাবে হচ্ছে না (খ) চেয়ারম্যান, জহরপুর ইউপি নরসিংহপুর প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার আহবান জানান । এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান ডিসেম্বর-২০২৫ এর মধ্যে কাজটি সম্পন্ন হয়ে যাবে । (গ) চেয়ারম্যান, বন্দবিলা ইউপি বলেন বাজারে কৃষক ধান বিক্রি করতে গেলে আড়তদাররা মনপ্রতি ২(দুই) কেজি করে বেশি নিচ্ছে, যার ফলে কৃষক ক্ষতিগ্রস্থ হচ্ছে । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আড়তদারদের সহিত একটি সভা আয়োজনের জন্য অনুরোধ জানানো হয় এবং উপজেলা কৃষি কর্মকর্তাকে মনিটরিং করার জন্য আহবান জানানো হয় । (ঘ) চেয়ারম্যান, দরাজহাট ইউপি জানান যে, জলাবদ্ধতা নিরসনে পারকুল মাঠ হতে যশোর নড়াইল সড়কের ব্রিজ পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্প গ্রহণ করা প্রয়োজন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে প্রয়োজনীয়তা, পারিপার্শ্বিক জটিলতা/সমস্যা এবং প্রকল্প গ্রহণ করতে হলে কি ধরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে তার বিস্তারিত প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরুপ একটি কমিটি গঠন করা হয় । **প্রকল্পের প্রয়োজনীয়তা, উদ্ভাবিত সমস্যা/জটিলতা ও অন্যান্য পারিপার্শ্বিকতা যাচাই কমিটিঃ** ১। সহকারী কমিশনার (ভূমি), বাঘারপাড়া, যশোর- আহবায়ক ২। উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য ৩। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য ৪। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি, বাঘারপাড়া, যশোর- সদস্য ৫। ফরেস্টার, সামাজিক বনায়ন বাঘারপাড়া, যশোর- সদস্য	(ক) প্রকল্পের সময় বৃদ্ধি হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে । (খ) বর্নিত প্রতিষ্ঠানটি যেহেতু ভোট কেন্দ্র সেহেতু ঠিকাদারকে তাগিদপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় । (গ) আড়তদারদের সহিত একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত । (ঘ) গঠিত কমিটিকে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্পের সার্বিক বিষয়াবলি তুলে ধরে প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয় ।	(ক) ও (খ) উপজেলা প্রকৌশলী

সভাপতি মহোদয় সকলকে সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার আহবান জানান । অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ভুপালী সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-৫১

তারিখঃ ২৩- ১১-২০২৫ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,..ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ঠ-ক

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

নভেম্বর-২০২৫

যে মাসে ব্যয় করা হয়েছে- অক্টোবর-২০২৫

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস অক্টোবর-২০২৫ আপ্যায়ন কাজে ব্যয়কৃত বিল প্রদান	=২৭০০০/-	চেক নং ৫৩৪৩২০০ তাং ১৪.১০.২০২৫
২.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩০০০/-	চেক নং ৫৩৪৩২০১ তাং ১৪.১০.২০২৫
৩.	আশিষ কুমার, প্রোপাইটার, সততা ইলেকট্রিক, স্বর্ণপট্টি পরিষদ কমপ্লেক্স ভবনের ইলেকট্রিক মালামাল সরবরাহপূর্বক পরিবর্তন ও ওয়েটিং রুমের ফ্যান পরিবর্তন কাজের বিল প্রদান	=১১১৭৭/-	চেক নং ৫৩৪৩২০২ তাং ১৪.১০.২০২৫
৪.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ইলেকট্রিক মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১৯৭৩/-	চেক নং ৫৩৪৩২০৩ তাং ১৪.১০.২০২৫
৫.	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে সাপে কাটা রুগীর জন্য এন্টিভেনম ক্রয় কাজের বিল প্রদান	=২৪১৬০/-	চেক নং ৫৩৪৩২০৪ তাং ১৫.১০.২০২৫
৬.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী এন্টিভেনম ক্রয় বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৬০৪০ /-	চেক নং ৫৩৪৩২০৫ তাং ১৫.১০.২০২৫
৭.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের অক্টোবর-২৫ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৬১৩৭/-	চেক নং ৫৩৪৩২০৬ তাং ২০.১০.২০২৫
৮.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে মিলনায়তনের সেফটিক ট্যাংক ও যমুনা ভবনের পানির ট্যাংক পরিস্কার করণ কাজের বিল প্রদান	=১৬,০০০/-	চেক নং ৫৩৪৩২০৭ তাং ২৩.১০.২০২৫
৯.	মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপিকে অপ্রত্যাশিত খাত হতে শেরশাহ সড়কে ইট-বালি দ্বারা গর্ত মেরামতকরণে বিল প্রদান	=২০,০০০/-	চেক নং ৫৩৪৩২০৮ তাং ২৮.১০.২০২৫
১০.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী শেরশাহ সড়ক মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৫,০০০/-	চেক নং ৫৩৪৩২০৯ তাং ২৮.১০.২০২৫
১১.	পলাশ হোসেন, গাড়ী চালককে উপজেলা পরিষদের গাড়ী মেরামত কাজে ব্যয়কৃত বিল প্রদান	=৫৫৭৬/-	চেক নং ৫৩৪৩২১০ তাং ২৮.১০.২০২৫
১২	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী গাড়ী সাভিসিং বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১,২২৪/-	চেক নং ৫৩৪৩২১১ তাং ২৮.১০.২০২৫
১৩.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভাকে ২০২৫-২৬ অর্থবছরের পৌরকর প্রদান [illegible]	=৩,৮৯,৪৯৬/-	চেক নং ৫৩৪৩২১২ তাং ২৮.১০.২০২৫
১৪.	বি, এম মাসুদ কবীর, প্রোপাইটার, রব ফিলিং স্টেশনকে উপজেলা পরিষদের জীপগাড়ী নং- যশোর-ঘ-১১-০০৫৬ এর জুলাই হতে অক্টোবর-২৫ পর্যন্ত জ্বালানী বিল প্রদান	=৮১৬০৩/-	চেক নং ৫৩৪৩২১৩ তাং ২৮.১০.২০২৫
১৫.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী জ্বালানী বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৬৫২৮/-	চেক নং ৫৩৪৩২১৪ তাং ২৮.১০.২০২৫
১৬.	মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে অক্টোবর-২০২৫ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৪৭০০/-	চেক নং ৫৩৪৩২১৫ তাং ২৯.১০.২০২৫
১৭.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে অক্টোবর-২০২৫ মাসের (পূজা উপলক্ষ্যে) দৈনিক মুজুরী প্রদান	=১৪৭০০/-	চেক নং ৫৩৪৩২১৬ তাং ২৯.১০.২০২৫

রুপালী সরকার
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।